

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.৯৯.৯১২.১৭-৪৪৪

তারিখঃ ১৫/১১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে ২২২টি পদে জনবল সংগ্রহের নিমিত্তে দাখিলকৃত দরপত্রের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ৪৫.১৫৮.০১১.০০.০০.০১২.২০১৭-৩৫৩; তারিখঃ ২২/১০/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত ক্রয় কাজের জন্য ব্যবহৃত দরপত্র দলিলটি পরামর্শকবিহীন সেবা সংক্রান্ত সিপিটিইউ'র আদর্শ দরপত্র দলিল (পিএসএন) অনুসরণ করে তৈরী করা হয়নি যা পিপিআর-২০০৮ এর বিধি-৪(১) এর ব্যত্যয়।

০২। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিতব্য জনবলের জন্য সরকার কর্তৃক নির্ধারিত সাকুল্য বেতনের ওপরে কোন ভ্যাট/ট্যাক্স কর্তন বিধিসম্মত নয়। দরদাতা দরপত্র তৈরীর সময়ে জনবলের জন্য নির্ধারিত ন্যূনতম সাকুল্য বেতন ঠিক রেখে উক্ত বেতন-ভাতার সংগে দরদাতা প্রতিষ্ঠানের কমিশন, মুনাফা, ওভারহেড ইত্যাদি আইটেম যোগ করার পরে প্রাপ্ত অংকের ওপরে ভ্যাট ও এআইটি গণনা করে মোট দরপত্র মূল্য নির্ধারণ করবে। অর্থাৎ দরদাতার মোট দরমূল্য হবেঃ (ক) জনবলের জন্য নির্ধারিত ন্যূনতম সাকুল্য বেতন + (খ) দরদাতার কমিশন, ওভারহেড ইত্যাদি ব্যয় + (গ) উপরের ক ও খ এর ওপরে আরোপযোগ্য ভ্যাট ও এআইটি। এমতাবস্থায়, দরপত্রের সঠিকতা যাচায়ের বিষয়টি দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ার।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।


১৫/১১/১৭
(মোসাম্মা মৌসুমী হাবিবা)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫৪

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
(দৃঃ আঃ-সিনিয়র সহকারী সচিব, নার্সিং শাখা)।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।